

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০১০.২২.১৪০

তারিখ: ৭ চৈত্র ১৪৩০

২১ মার্চ ২০২৪

বিষয়: বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ-এ দায়েরকৃত (রিট পিটিশন নং-১৫৪৮১/২০২৩) মামলা পরিচালনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো: শুবরাজ, পিতা: করিম মন্ডল, মাতা: গোলাপজান, গ্রাম: কমলাপুর, ডাক: মৌবাড়িয়া, থানা: দৌলতপুর, জেলা: কুষ্টিয়া কামালপুর উচ্চ বিদ্যালয়, দৌলতপুর, কুষ্টিয়া-এর ম্যানেজিং কমিটির সভাপতি হিসেবে তার পরিবর্তে উপজেলা নির্বাহী কর্মকর্তা, দৌলতপুর-কে অনুমোদন সংক্রান্ত আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ রিট পিটিশন দায়ের করেছেন। দায়েরকৃত রিট পিটিশনের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

ক্র: নং	রিট পিটিশনের		বাদীর নাম ও ঠিকানা	বিবাদীগণ	আদালতের আদেশ/রায়	পরিচালনা কর্তৃপক্ষ
	নম্বর	বিষয়				
১	১৫৪৮১/২০২৩	কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলাধীন 'কামালপুর উচ্চ বিদ্যালয়' এর ম্যানেজিং কমিটির সভাপতি হিসেবে জনাব মো: শুবরাজ এর পরিবর্তে উপজেলা নির্বাহী কর্মকর্তা, দৌলতপুর-কে অনুমোদন সংক্রান্ত।	জনাব মো: শুবরাজ, পিতা: করিম মন্ডল, মাতা: গোলাপজান, গ্রাম: কমলাপুর, ডাক: মৌবাড়িয়া, থানা: দৌলতপুর, জেলা: কুষ্টিয়া।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোরসহমোট ০৮(আট) জন।	'Pending disposal of the Rule, the respondent No. 02 is directed to dispose of the petitioner's application dated 19.10.2023 (Annexure- E) to the writ petition within 01 (one) month from the date of receipt of this order, in accordance with law.'	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ-এর রিট পিটিশন নং-১৫৪৮১/২০২৩ মামলার আদেশ/রায়ের আলোকে বাদীর আবেদন বিধি মোতাবেক পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক মামলাটি ডাটাবেইজে এন্ট্রি করে মহামান্য হাইকোর্ট বিভাগ এবং এ বিভাগ-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

২১-৩-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ইমেইল: law.section1@shed.gov.bd

চেয়ারম্যান


মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০১০.২২.১৪০/১(৩)

তারিখ: ৭ চৈত্র ১৪৩০
২১ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২১-৩-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব